দৈনিক খবর

তারিখ ... 25 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

84

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির নির্বাচন সম্পন্ন

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচনে বর্তমান উপাচার্য বিরোধীরা সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। নির্বাচনে অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী সভাপতি ও অধ্যাপক শাহাদত আলী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

সমিতির কার্যকরী পরিষদের মোট পনেরটি পদের মধ্যে সাধারণ সম্পাদকসহ নয়টি পদে উপাচার্য বিরোধী নীল দল ও সভাপতিসহ ছয়টি পদে উপাচার্যের সমর্থক সাদা দল জয়লাভ করেছে। নির্বাচনে সাদা দল থেকে সভাপতি পদে নির্বাচিত অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী ৪১৩ ভোট ও প্রতিদ্বন্দ্বী অধ্যাপক আব্দুল জব্বার মিঞা ৩৫৬ ভোট পেয়েছেন। নীল দল থেকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত অধ্যাপক শাহাদত আলী ৩৯০ ও প্রতিদ্বন্দ্বী ডঃ আনোয়ার হোসেন ৩৭১ ভোট পেয়েছেন।

সাধারণ সম্পাদক ছাড়া বর্তমান উপাচার্য বিরোধী নীল দল থেকে জয়লাভ করেছেন কোষাধ্যক্ষ ডঃ খন্দকার বজলুল হক, যুগ্ম-সম্পাদক ডঃ আ আ ম স আরেফিন সিদ্দিক এবং সদস্য অধ্যাপক আমিনুল ইসলাম (মৃত্তিকা), অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক এম আমিনুল ইসলাম (ভূগোল), অধ্যাপক আইয়ুবুর রহমান ভূঞা, অধ্যাপক মসিহুজ্জামান ও ডঃ মোস্তফা চৌধুরী।

সভাপতি ছাড়াও বর্তমান উপাচার্যের সমর্থক সাদা দল থেকে নির্বাচিত হয়েছেন সহ-সভাপতি অধ্যাপিকা হাসনা বেগম এবং সদস্য অধ্যাপক আবুল কালাম, অধ্যাপক এস এম এ ফায়েজ, অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদ ও ডঃ সাঈদ-উর রহমান।

নির্বাচনে শিক্ষকদের তিনটি দলের মধ্যে নীল দল ও সাদা দল মুখোমুখি প্রতিদ্বন্দ্বিতা করে এবং গোলাপী দল নীল দলের প্রতি সমর্থন দেয়। গতকাল সকাল দশটা থেকে দুপুর ২টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত এ নির্বাচনে উল্লেখযোগ্যদের মধ্যে গত বছর সাদা দল থেকে নির্বাচিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও বর্তমানে অস্থায়ী সরকারের উপদেষ্টা অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ এবং সাবেক উপ-উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দিন আহমেদও ভোট দেন। গত সন্ধ্যায় নির্বাচনের ফল প্রকাশিত হয়।